

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

পরিকল্পনা ১ শাখা

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের ডিপিভুক্ত প্রকল্পসমূহের নভেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি  
পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৭/১২/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের নভেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব  
মো: আনিচুর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবুদ্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অঙ্গে অন্তেবর ২০১৭ মাসের প্রকল্প পর্যালোচনা সভা ৩১/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ১০/১২/২০১৭ তারিখে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সভায় দৃঢ়িকরণ করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের ডিপিতে ০৫টি অনুমোদিত, ০২টি নতুন অনুমোদিত এবং ১৫টি অনুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা এবং থোক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। নভেম্বর, ২০১৭ পর্যন্ত অবমুক্ত রয়েছে ১৬৬৬১.০৬ লক্ষ টাকা (৪৯.৯৯%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১২১৩৭.২৪ লক্ষ টাকা (৩৬.৪২%)। অতএব সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p><b>মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প</b></p> <p>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক এবং সংস্থার প্রধান হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক অনুপস্থিত থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, স্থিয়ারিং কমিটির সভা আহবানের জন্য প্রস্তাব করা হয়েছে। ‘দারুল আরকাম’ ইবতেদায়ি মাদ্রাসা প্রতিষ্ঠাতা করার জন্য স্থান নিবার্চন চূড়ান্ত করতে হবে এবং শিক্ষক নিয়োগ দ্রুত সমাপ্ত করতে হবে।</p> <p>খ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা -বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণ করতে হবে। চলতি অর্থ বছরে শুধু শিক্ষা কেন্দ্র এবং শিক্ষক/শিক্ষিকার তথ্য এবং জানুয়ারি ২০১৮ তে আগামী শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের তথ্য ডাটা-বেইজে অন্তর্ভুক্ত করা যেতে পারে।</p>		<p>ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p>
৩.২	<p><b>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির পুনর্গঠিত ডিপিপিটি ০৯/১২/২০১৭ খ্রি তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখা প্রয়োজন।</p>	<p>প্রকল্পটি দ্রুততার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.৩	<p><b>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পের ৯ম ও ৬ষ্ঠ শ্রেণের জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য জনবল নিয়োগের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত আছে। সভাকে আরো অবহিত করার হয় যে, প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক মুদ্রণ কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>ক) প্রকল্পের আওতায় নিয়োগ কার্যক্রম সম্পর্ক করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) পরবর্তী সভা হতে নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>গ) নিজস্ব অর্থায়নে যে সকল কাজ করার প্রতিশ্রুতি রয়েছে তা সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p> <p>গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

চলমান পৃঃ/২)

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.৪	<p><u>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় প্রকল্পের আওতায় পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির বিষয়ে বিশ্বারিত আলোচনা হয় এবং স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্র আগামী প্রকল্প পর্যালোচনা সভার পূর্বে আহবানের পরামর্শ প্রদান করা হয়।</p>	<p>প্রকল্পের পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্র আগামী প্রকল্প পর্যালোচনা সভার পূর্বে আহবান করতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৫	<p><u>প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর ০২/০১/২০১৮ তারিখে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিতে একটি সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া, স্থান নির্বাচন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সরেজমিনে পরিদর্শন করে স্থান নির্বাচন চূড়ান্ত করতে হবে। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদন এবং চাহিদা অনুযায়ী জিওবি বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সদস্য বরাবর পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>ক) প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের ওপর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠে সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>খ) স্থান নির্বাচন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সরেজমিনে পরিদর্শন করে স্থান নির্বাচন চূড়ান্ত করতে হবে।</p> <p>গ) প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদন এবং চাহিদা অনুযায়ী জিওবি বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সদস্য বরাবর পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>ক) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p> <p>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p>
৩.৬	<p><u>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২১/১১/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করা প্রয়োজন।</p>	<p>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রযায় প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৭	<p><u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধির প্রকল্প</u></p> <p>সভায় সংশোধিত অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৮	<p><u>প্যাগোডা ভিত্তিক প্রাক-গ্রাথমিক শিক্ষা প্রকল্প</u></p> <p>সভায় “প্যাগোডা ভিত্তিক প্রাক-গ্রাথমিক শিক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (PCR) প্রকল্প সমাপ্ত হওয়ার পর পরই জমা দেয়া এবং দ্বিতীয় পর্যায় প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে দুট প্রেরণের ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, দ্বিতীয় পর্যায় প্রকল্পের ডিপিপিতে প্রস্তাবিত নিয়োগ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি সরকারের বিদ্যমান বিধি-বিধান ও এ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের ন্যায় প্রস্তাব করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>ক) “প্যাগোডা ভিত্তিক প্রাক-গ্রাথমিক শিক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (PCR) প্রকল্প সমাপ্ত হওয়ার পর পরই জমা দিতে হবে।</p> <p>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি মন্ত্রণালয়ে দুট প্রেরণ করতে হবে। দ্বিতীয় পর্যায় প্রকল্পের ডিপিপিতে প্রস্তাবিত নিয়োগ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি সরকারের বিদ্যমান বিধি-বিধান ও এ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের ন্যায় প্রস্তাব করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক ও সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.৯	<p><u>তৃটি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি প্রণয়ন কার্যক্রম অব্যাহত আছে।</p>	ডিপিপি প্রণয়ন কার্যক্রম সম্পর্ক করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১০	<p><u>গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ :</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি প্রকল্পটি দুটতার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করেন।</p>	প্রকল্পটি দুটতার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১১	<p><u>সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, ২৬/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। তবে প্রকল্পটির বাস্তবায়নকাল দেখানো হয়েছে জানুয়ারি ২০১৮ হতে। একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে জিও জারির লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে মর্মে সভায় উল্লেখ করা হয়।</p>	২৬/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী “সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন করে জিও জারির লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১২	<p><u>ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ)</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ব্যয় প্রাক্কলন গণপূর্ত অধিদপ্তরের নিকট হতে পাওয়া গেছে। ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।</p>	ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ) প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১৩	<p><u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টারপ্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদনের ওপর গত ১৯/১২/২০১৭ তারিখে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মাস্টারপ্ল্যান কার্যক্রম সম্পর্কের ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টারপ্ল্যান প্রণয়নের বিষয়ে গত ১৯/১২/২০১৭ তারিখে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী মাস্টারপ্ল্যান কার্যক্রম সম্পর্ক করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১৪	<p><u>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত্তি বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির দরপত্র আহবানের জন্য প্রক্রিয়া অব্যাহত আছে। শীত্বই দরপত্র আহবান করা হবে।</p>	আলোচ্য প্রকল্পের বাস্তব নির্মাণ কাজ শুরু করার জন্য দরপত্র অতিশীত্বই আহবান করতে হবে।	ওয়াক্ফ প্রশাসক
৩.১৫	<p><u>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের জন্য গঠিত কমিটির প্রতিবেদনের ওপর গত ১৯/১২/২০১৭ তারিখে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির কার্যক্রম সম্পর্কের ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের বিষয়ে গত ১৯/১২/২০১৭ তারিখে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১৬	<p><u>হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমর্থিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর ০৭/১২/২০১৭ তারিখে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	“হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমর্থিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ” শীর্ষক প্রকল্পের ওপর ০৭/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন
৩.১৭	<p><u>ডিজিটাল ইনফরমেশন সিস্টেম শক্তিশালী, ছাপাখানা আধুনিকীকরণ এবং ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপন প্রকল্প :</u></p> <p>সভায় জানানো হয় যে, শুধু ছাপাখানা আধুনিকীকরণের জন্য একটি প্রকল্প প্রণয়ন করা হচ্ছে। সভাপতি পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী নতুন প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি করার ওপর গুরুত্বারোপ করেন।</p>	ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে ডিপিপি দ্রুত প্রণয়ন করতে হবে।	মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন
৩.১৮	<p><u>বিবিধ :</u></p> <p>সভায় সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে যথাসময়ে প্রকল্প পর্যালোচনা সভায় উপস্থিত থাকার জন্য সভাপতি আহবান জানান। অনিবার্য কারণবশত: সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণ সভায় উপস্থিত হতে না পারলে সেক্ষেত্রে সভাপতির পূর্ব অনুমতি গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।</p>	সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে যথাসময়ে প্রকল্প পর্যালোচনা সভায় উপস্থিত থাকতে হবে। অনিবার্য কারণবশত: সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণ সভায় উপস্থিত হতে না পারলে সেক্ষেত্রে সভাপতির পূর্ব অনুমতি গ্রহণ করতে হবে।	সংস্থা প্রধান(সকল) এবং প্রকল্প পরিচালক (সকল)

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬

স্থা:/-৭/১/২০১৮

মো: আনিষুর রহমান

ভারপ্রাপ্ত সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

e-mail: secretary@mora.gov.bd

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.১০৮.১৭.১৯

তারিখ: ০৯.০১.২০১৮ খ্রি.

অনুলিপি: জাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।
- ০৩। প্রধান প্রকৌশলী, গণপৃত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
[দৃঃ আ: জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপৃত প্রকল্প সার্কেল-২]।
- ০৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
[দৃঃ আ: জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
- ০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৭। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্টার্ট, ঢাকা।
- ০৮। যুগ্ম-সচিব( হজ্জ/সংস্থা/প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মহাপরিচালক, সেক্টর-০৭, আইএমইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইৎ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, “প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৭। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪৮ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।
- ১৮। প্রকল্প পরিচালক “প্যাগোড় ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প,  
জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
- ১৯। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”  
শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
- ২০। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২১। প্রকল্প পরিচালক, ইসলামী পুষ্টক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২২। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুষ্টক সংযোজন ও  
পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২৩। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২৪। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ২৫। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২৮। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ২৯। অফিস কপি/মাস্টার কপি।

৪/৩৩/১

শেখ শামছুর রহমান

সিনিয়র সহকারী প্রধান

ফোন : ৯৫৭৭২৩৭

e-mail: planning\_sec1@mora.gov.bd